ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৪২

জিরানীয়া, ১০ এপ্রিল, ২০২৫

**গত অর্থবছরে জিরানীয়ায় ৪৭২ জন কৃষককে হাইব্রিড সব্জি চাষে সহায়তা**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অফ হর্টিকালচার মিশনে জিরানীয়া মহকুমায় কৃষকদের সহায়তা প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে জিরানীয়া ব্লকে ৫ জন কৃষককে আনারস বাগান করার জন্য এই প্রকল্পে সহায়তা প্রদান করা হয়। এক্ষেত্রে প্রত্যেক কৃষককে ১ হেক্টর বাগানের জন্য ৩২ হাজার ৮০০ টাকা দেওয়া হয়। ব্যয় হয়েছে ১ লক্ষ ৬৪ হাজার টাকা। তাছাড়া একই প্রকল্পে জিরানীয়া কৃষি মহকুমার অন্তর্গত ৪৭২ জন কৃষককে হাইব্রিড সব্জি চাষেও সহায়তা প্রদান করা হয়। মোট ব্যয় হয় ৬ লক্ষ ২৫ হাজার টাকা। এরফলে ২৫ হেক্টর জমি সব্জি চাষের আওতায় এসেছে। জিরানীয়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক সোমেন কুমার দাস এই সংবাদ জানিয়েছেন।

******